



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস-রিলিজ

তারিখ : ১৭/০৯/২০১৯ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আইকিউএসির আয়োজনে দলগঠন ও জরিপ প্রক্রিয়া সম্পর্কিত কর্মশালা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে অদ্য ১৭ সেপ্টেম্বর ২০১৯ তারিখ সকাল ১১ টায় জীবনানন্দ দাশ কনফারেন্স কমপ্লেক্সে “দলগঠন ও জরিপ প্রক্রিয়া সম্পর্কিত” এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ববির কলা ও মানবিক অনুষদের ডিন এবং আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীনের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। কর্মশালায় রিসোর্স পার্সোন হিসেবে উপস্থিত ছিলেন খুলনা বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. মোঃ সারওয়ার জাহান। এসময় আইকিউএসি কর্তৃক ববির ২০১৯-২০ শিক্ষাবর্ষের ৬ টি বিভাগের জন্য গঠিত সেলফ অ্যাসেসমেন্ট কমিটির সম্মানিত আহবায়কবৃন্দ সহ অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে



উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস